দৈনিক সংবাদ

তারিখ ... 14 JAN 1994 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

13

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ১৭শ' আসনের জন্য ১৮ হাজার আবেদন পত্র জমা পড়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১১ই জানুয়ারী।-- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ সম্মান-এর ১ হাজার ৭শ' আসনে ভর্তির জন্য ১৮ হাজার আবেদনপত্র জমা পড়েছে। আগামী ১৭ই জানুয়ারী ভর্তি পরীক্ষা শুরু হবে। গত ৪ঠা জানুয়ারী ছিল আবেদনপত্র জমা দেয়ার শেষ দিন।

গত বছর আবেদনপত্র জমা পড়েছিল ১৯ হাজার ৪শ' ৩৩টি।

৭টি ইউনিটে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। এগুলো হচ্ছে বিজ্ঞান, কলা, বাণিজ্য, সামাজিক বিজ্ঞান, চারুকলা, বন বিজ্ঞান ও সামুদ্রিক বিজ্ঞান বিভাগ।